# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

## কোম্পানি সচিবালয়

## বোর্ড উপবিভাগ

### বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : আগস্ট, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ১৮ আগস্ট, ২০২৪ দুপুর ২.৩০ মিনিট

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" প্রকল্পের ডিপিপি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। এছাড়া, "বেগমগঞ্জ-৫" কূপের সার্ভে কার্যক্রম সম্পন্ন হয়েছে। রিগ স্থাপন করার পাশাপশি "বেগমগঞ্জ- ৬" কূপের জমি অধিগ্রহনের কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে, বাপেক্সের বাস্তাবায়নাধীন প্রকল্পের অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় রাজস্ব বাজেট হতে নির্বাহের বিষয়ে প্রাক্কলন পাওয়া গেছে যা পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে।<br>মহাব্যবস্থাপক (খনন) জানান যে, জামালপুর-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় মালামালের তালিকা তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সেখানে রিগ প্রেরণ করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্প অনুমোদন ব্যতিত খনন কার্যক্রম শুরু না করার নির্দেশনা প্রদান করেন। | (ক) "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" প্রকল্পের ডিপিপি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় কোম্পানির রাজস্ব বাজেট হতে নির্বাহের বিষয়টি পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(গ) জামালপুর-১ কূপ খননের জন্য মালামালের তালিকা দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক এবং প্রকল্প ব্যবস্থাপক |
| ২ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | মহাব্যবস্থাপক (খনন) সভায় জানান যে, তিতাস ১৩ ও ১৫ কূপে ওয়ার্কওভার কাজের জন্য একটি কমিটির মাধ্যমে মালামালের তালিকা প্রস্তুত করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ডুয়েল কম্প্লিশনের বিষয়ে বলেন যে, সঠিকভাবে নিরূপণের জন্য এ সম্পর্কিত Document প্রয়োজন এবং এ বিষয়ে ভূতত্ত্ব বিভাগ এবং খনন বিভাগের মতামত নেয়ার জন্য মহাব্যবস্থাপক (ভূপদার্থ)-কে অন্তর্ভুক্ত করে একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কসবায় গুদাম তৈরীর লক্ষ্যে DIGITAL SURVEY, SOIL TEST, DESIGN এর কাজ সম্পন্ন হয়েছে এবং আগামী ৭ দিনের মধ্যে দরপত্র আহবান করা হবে। ব্যবস্থাপনা পরিচালক কসবায় গুদাম তৈরীর জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের লক্ষ্যে পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | (ক) তিতাস ১৫ ও ১৩ ওয়ার্কওভার কাজের জন্য দ্রুত সময়ের মধ্যে মালামাল ক্রয় সম্পন্ন করতে হবে।<br>(খ) ডুয়েল কমপ্লিশনের বিষয়টি সঠিকভাবে নিরূপণের জন্য একটি কমিটি গঠন করতে হবে।<br>(গ) কসবায় গুদাম তৈরীর জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের লক্ষ্যে পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৪। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, প্রকল্পের ডিপিপি শীঘ্রই ECNEC সভায় উপস্থাপন করা হবে। ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| ৪ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা ও মনপুরা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) বেগম সাবিহা আক্তার খানম জানান যে, ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য Feasibility Study এর কার্যক্রম চলমান আছে। ভোলা ও তৎসংলগ্ন চরফ্যাশন, মনপুরা, জাহাজমারা/হাতিয়া এলাকায় ১৯৩০ বর্গ কি. মি. ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার লক্ষ্যে কমিটির মাধ্যমে প্রস্তুতকৃত RFP ডকুমেন্ট পরিচালনা পর্ষদের ৪৮৬তম সভায় অনুমোদিত হয়েছে। | (ক) প্রকল্প গ্রহনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| ৫ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, ১০০০ হর্স পাওয়ার রিগের Specifications প্রস্তুতের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। | ক) ১০০০ হর্স পাওয়ার রিগ ক্রয়ের নিমিত্তে Specifications দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৬ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) বলেন যে, প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য DPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এতদবিষয়ে দরপত্র আহবান কার্যক্রম চলমান আছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পেট্রোবাংলা এবং মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ক) পেট্রোবাংলা এবং মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৭ | বাপেক্স ভবনে Central AC স্থাপন | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, Central AC স্থাপনকারী একটি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হয়েছে। Technical Specifications প্রস্তুতির কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক Central AC স্থাপনের বিষয়ে Technical Specifications দ্রুত প্রস্তুতির জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) Central AC স্থাপনের বিষয়ে Technical Specifications দ্রুত সংগ্রহ করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>(খ) মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৮ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) জানান যে, অডিট আপত্তিসমূহের জবাবসহ পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য একটি খসড়া কার্যপত্র প্রস্তুত রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপকগণকে নিজ বিভাগের অডিট আপত্তির জবাবগুলো প্রস্তুতের কাজে সহযোগিতা করার পরামর্শ প্রদান করেন। | ক) অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ৯ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যপত্র প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | (ক) কমিটির দাখিলকৃত অর্গানোগ্রাম বোর্ডে উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ১০ | APA সংক্রান্ত কার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, এপিএ সংক্রান্ত কার্যক্রমের সার্বিক অগ্রগতি এখন পর্যন্ত সন্তোষজনক। APA সংশ্লিষ্ট সকলকে নিয়ে অগ্রগতি বিষয়ক সভা নিয়মিত আয়োজন করা হচ্ছে।<br>উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) বাপেক্সে পুরানো/অপ্রয়োজনীয় নথি ব্যবস্থাপনা বিষয়ে দিকনির্দেশনা কামনা করলে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সের সকল নথির তালিকা প্রস্তুতপূর্বক ২০ বছর বা তার অধিক পুরাতন/অপ্রয়োজনীয় নথিতে অডিট আপত্তি না থাকলে নষ্ট করার পরামর্শ প্রদান করেন। তবে, কোন কোন নথি সংরক্ষণ করা হবে তা প্রতিটি বিভাগ-কে প্রয়োজন এবং গুরুত্ব অনুযায়ী নির্ধারণ করার নির্দেশনা প্রদান করেন। | (ক) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে।<br>(খ) কোন কোন নথি সংরক্ষণ করা হবে তা প্রতিটি বিভাগ-কে প্রয়োজন এবং গুরুত্ব অনুযায়ী নির্ধারণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি<br>২। সকল মহাব্যবস্থাপক |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এন এনভায়রনমেন্ট) জানান যে, বাপেক্স ভবনে সরেজমিন পরিদর্শনপূর্বক Fire Service একটি প্রতিবেদন দাখিল করেছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক প্রধান কার্যালয়সহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তা জোড়দার করার পরামর্শ প্রদান করেন। | ১। বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এন এনভায়রনমেন্ট)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১২ | বিবিধ: | ১। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, বাপেক্সের খনন বিভাগে কর্মরত টুলপুশার, ড্রিলার এবং সহকারী ড্রিলারদের আগামী আগস্ট-সেপ্টেম্বর, ২০২৪ এ (IWCF) (Level-3) প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট সনদ প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাব পরিকল্পনা বিভাগের মাধ্যমে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে পেট্রোবাংলায় যোগাযোগ করার নির্দেশনা প্রদান করেন।<br>২। বিভিন্ন দপ্তরের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী মহাব্যবস্থাপকগণের জন্য সমন্বয় কর্মকর্তা পদায়ন করার জন্য ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন।<br>৩। লিফট ও সাবস্টেশনের মেরামত ও রক্ষনাবেক্ষণের দায়িত্ব প্রকৌশল বিভাগকে প্রদান করার জন্য ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন। | ১) নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের IWCF (International Well Control Forum) কোর্স সম্পন্ন করে লাইসেন্স প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>২) অর্গানোগ্রাম অনুযায়ী সকল মহাব্যবস্থাপকগণের জন্য সমন্বয় কর্মকর্তা দ্রুত পদায়ন করতে হবে।<br>৩) লিফট ও সাবস্টেশনের মেরামত ও রক্ষনাবেক্ষণের দায়িত্ব প্রকৌশল বিভাগকে প্রদান করতে হবে। | ১) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (খনন) |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৮.২০২৪

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ......................................................................................, বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ...................................................................................., বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্য বস্থাপক......................................................., বাপেক্স।
৪) অফিস কপি।